দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 NOV 1998 ...
পৃঃ 3 ... কলাম 1 ...

40

## ক্যাম্পাসে ছাত্র লীগের ছাত্রী সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ '৭৫-এর খুনীদের ফাঁসির দাবীতে ছাত্রলীগের উদ্যোগে গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রী সমাবেশ অনুষ্ঠিত হয়। অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, '৭৫-এর ১৫ই আগষ্ট বঙ্গবন্ধুসহ নারী ও শিশুদের যাহারা হত্যা করিয়াছে তাহাদের ফাঁসি দিতে হইবে। সমাবেশে ছাত্র-

( ১২ পৃঃ দ্রঃ )

## ছাত্রী সমাবেশ

(৩য় পৃঃ পর)

লীগ সভাপতি বাহাদুর ব্যাপারী, সাধারণ সম্পাদক অজয় কর খোকন, মারুফা আক্তার পপি, নাজমা আক্তার বিপ্লবী, সাজ্জাদ হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশের পূর্বে একটি মিছিল বাহির করা হয়।

ছাত্রলীগ ঢাকা কলেজ শাখাও খুনীদের ফাঁসির দাবীতে কলেজ ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে। সমাবেশে সাইফুর রসুল পলাশ, মঈনুদ্দীন মোস্তাক প্রমুখ বক্তব্য রাখেন।